

আইআইএমে

করোনা সংক্রমণ

▶ বঙ্গে করোনা সংক্রমণের সংখ্যা এখন তলানিতে। এর মধ্যেই জোকা-র ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্টে (আইআইএম) মাত্র চার দিনে অন্তত ২৪ জনের করোনা আক্রান্ত হওয়ার খবর এসেছে স্বাস্থ্য দফতরে। যদিও এই পরিসংখ্যান দেখে রাজ্যে করোনা বাড়ছে বলতে নারাজ স্বাস্থ্য আধিকারিকেরা। তাঁরা এবং চিকিৎসকেরা জানাচ্ছেন, এমন ভাবে একটি জায়গায় বেশ কয়েক জনের একসঙ্গে আক্রান্ত হওয়াকে বলা হয় 'ক্লাস্টার আউটব্রেক'। মাঝেমধ্যে দু'একটি জায়গায় এমন ঘটনা ঘটে। আইআইএম সূত্রের খবর, আক্রান্তেরা প্রত্যেকেই এক বছরের এমবিএ পাঠ্যক্রমের পড়ুয়া। মৃদু উপসর্গে আক্রান্ত। অবস্থা স্থিতিশীল। প্রত্যেককে আইসোলেশনে রাখা হয়েছে। কয়েক দিন আগে একটি অনুষ্ঠানের পরে এক জন পড়ুয়ার করোনা ধরা পড়ে। তাঁর সংস্পর্শে আসা পড়ুয়াদের পরীক্ষা করলে বাকি আক্রান্তদের খোঁজ মেলে।